

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ৪৪৮

তারিখ: ০৭ নভেম্বর ২০২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী ১১৮০০০ জন সদস্য অন্তর্ভুক্তির মধ্যে মাত্র ৪১১০ জন সুফলভোগী সদস্যকে দীর্ঘমেয়াদী ৩০ ও ৬০ দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। কিন্তু মেহেরপুর জেলাধীন মুজিবনগর উপজেলার ভবরপাড়া উত্তরপাড়া মহিলা সমিতির সদস্য জনাব মোছা: চম্পা খাতুন (৪০৪৭৬০-৪৫-৪৪) ইতোপূর্বে প্রকল্পের আওতায় বাপার্ভে অনুষ্ঠিত ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করেন। প্রকল্পের স্মারক নং-১৮০৯ তারিখ: ০৯/০৯/২০২৪ মূলে ২২/০৯/২০২৪ হতে বিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত ৬০ দিন মেয়াদী বিউটিফিকেশন ট্রেডে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানের জন্য আহ্বান করা হলে উক্ত প্রশিক্ষণে তাঁর দপ্তরের স্মারক নং-১০০ তারিখ: ১১/০৯/২০২৪ মূলে জনাব মোছা: চম্পা খাতুনকে পুনরায় মনোনয়ন প্রদান করা হয়। তাই একই সদস্যকে একাধিক দীর্ঘমেয়াদী ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হলে কম সংখ্যক সুফলভোগী সদস্য দীর্ঘমেয়াদী ট্রেডে প্রশিক্ষণের সুযোগ পাবে। আপনার এ ধরনের কার্যক্রমের কারণে প্রকল্পের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। উল্লেখ্য, প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ইত:পূর্বে ইরেসপো-১ম পর্যায় প্রকল্পের আওতায় সে সকল সদস্যদগণ সেলাই ও এমব্রয়ডারী ট্রেডসহ দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের পুনরায় প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান না করার নির্দেশনা দেয়া হয়েছিল। প্রকল্পের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করা, সঠিকভাবে যাচাই-বাছাই না করে একই সদস্যকে একাধিক দীর্ঘমেয়াদী ট্রেডে প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে প্রেরণ করা, প্রকল্প ও কর্মসূচির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন না করা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, প্রকল্পের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করা ও সঠিকভাবে যাচাই-বাছাই না করে একই সদস্যকে একাধিক দীর্ঘমেয়াদী ট্রেডে প্রশিক্ষণে প্রেরণ করার কারণে আপনাকে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ১৫/১১/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


০৭.১১.২৪

এ, এস, এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক
ফোন : ০২৪১০১০৩৪১

জনাব মো: আব্দুস সালাম
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো,
বিআরডিবি, মুজিবনগর, মেহেরপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: মেহেরপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মুজিবনগর, মেহেরপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।